আলমডাঙ্গা পৌরসভার গুরুত্বপূর্ণ স্থানে ৫২টি সিসি ক্যামেরা স্থাপন

আলমডাঙ্গায় অপরাধ নিয়ন্ত্রণ ও নিরাপদ সড়ক নিশ্চিত করতে পৌরসভাকে সিসি ক্যামেরার আওতায় আনা হয়েছে।

একই সাথে পৌরসভার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে বসানো হয়েছে ৫২টি ক্যামেরা। এতে চুরি, ডাকাতি, ছিনতাই ও হত্যার মতো অপরাধ নিয়ন্ত্রণ হবে বলে আশাবাদ জনপ্রতিনিধি, প্রশাসন ও স্থানীয় বাসিন্দাদের।

জানা যায়, দীর্ঘদিন ধরেই আলমডাঙ্গা পৌরসভাকে নিরাপত্তার জন্য সিসি ক্যামেরা বসানোর দাবি করছিল পৌরবাসী। ইতো পূর্বে আলমডাঙ্গা বণিক সমিতির উদ্যোগে সিসি ক্যামেরা স্থাপন করা হলেও নিয়মিত রক্ষণাবেক্ষণের অভাবে তা সব ক্যামেরা অকেজো হয়ে যায়। যা অপরাধ মূলক ঘটনা ঘটলেও অপরাধীরা ধরা ছোয়ার বাইরে চলে যায়।

সেই দাবির প্রেক্ষিতে অবশেষে স্থানীয় সংসদ সদস্য সোলায়মান হক জোয়াদ্দার ছেলুনের অর্থায়নে প্রায় ৫ লাখ টাকা ব্যায়ে পৌরসভায় সিসি ক্যামেরা বসানোর কাজ ইতো মধ্যে শেষ হয়েছে।

মাস ব্যাপী আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি সাইফুল ইসলাম ও বণিক সমিতির সেক্রেটারি কামাল হোসেনের আপ্রাণ প্রচেষ্টায় কাজ সমাপ্ত হয়েছে। ক্যামেরা স্থাপন কাজের সার্বক্ষণিক দেখভাল করেন হাবিবুল করিম চনচল।

পৌরবাজার ব্যবসায়ীরা বলেন, পৌর শহরের নিরাপত্তাসহ সবার জানমালের নিরাপত্তায় এই সিসি ক্যামেরা অনেক উপকারে আসবে। তাছাড়া পুলিশ এই সিসি ক্যামেরা সার্বক্ষণিক মনিটরিং করার কারণে বাজার এলাকায় যানজট কমে আসবে।

বণিক সমিতির সেক্রেটারি কামাল হোসেন বলেন, সিসি ক্যামেরা বসানোর কারণে বাজার এলাকাসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ এলাকা আইনখৃঙ্খলা বাহিনীর নজরদারির মধ্যে থাকবে। আর এতে চুরি ছিনতাইসহ বিভিন্ন অপরাধ অনেকটাই কমে আসবে।

আলমডাঙ্গা থানার ওসি সাইফুল ইসলাম বলেন, এই সিসি ক্যামেরা স্থাপনের ফলে পৌর শহরে কোন অনাকাঙ্খিত ঘটনার সৃষ্টি হলে পুলিশ সহজেই অপরাধীদের খুঁজে বের করতে পারবে। সেই সাথে ডিজিটাল মনিটরিং এর মাধ্যমে শহরের নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হবে। সার্বক্ষণিক থানার ডিউটি অফিসে দায়িত্বরত অফিসার দ্বারা নজরদাড়ি রাখা হচ্ছে।

দামুড়হুদায় লোকমোর্চার উদ্যোগে ডায়ালগ ও লবি সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় লোকমোর্চার উদ্যোগে ডায়ালগ ও লবি সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকাল সাড়ে ১০টার দিকে পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন পরিষদে এই সভা অনুষ্ঠিত হয়।

ওয়েভ ফাউন্ডেশন এর সামাজিক সুরক্ষা কর্মসুচি প্রকল্প (এসপিপিএস) এর আওতায় পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন লোকমোর্চার সদস্যগণ, পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এস এ এম জাকারিয়া আলম এর সাথে ইউনিয়ন পরিষদ প্রদত্ত বিভিন্ন ভাতা প্রদানের যাচাই-বাছাই কমিটিতে লোকমোর্চার প্রতিনিধি যুক্ত করণ ও ভাতার দাবী নিয়ে ডায়ালগ ও লবি সভা অনুষ্ঠিত হয়।

লোকমোর্চার সাধারণ সম্পাদক মোঃ ইউনুছ আলীর সভাপতিত্বে সভার প্রধান অতিথি ছিলেন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এস এ এম জাকারিয়া আলম।

এসময় চেয়ারম্যান লোকমোর্চা প্রতিনিধিদের ভাতা প্রদান যাচাই-বাছাই কমিটিতে যুক্ত করার আশাবাদ ব্যক্ত করেন এবং ওয়ার্ড পর্যায়ে সঠিক তালিকা তৈরি করে ইউপি সদস্যদের কাছে প্রদানের জন্য আহ্বান জানান।

এসময় উপস্থিত ছিলেন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন পরিষদের সকল ইউপি সদস্যগণ, লোকমোর্চার প্রতিনিধি, সাংবাদিকবৃন্দ এবং ওয়েভ

ফাউন্ডেশনের সিনিয়র সমন্বয়কারী আনিসুর রহমান, সিনিয়র প্রোগ্রাম অফিসার সাইফুর রহমান ও প্রোগ্রাম অফিসার ফরহাদ হোসেন প্রমূখ।

চুয়াডাঙ্গা ভিক্টোরিয়া জুবিলী সরকারি উচ্চ বিদ্যালয়ের ছাত্রদের নবীনবরণ অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা ভিক্টোরিয়া জুবিলী সরকারি উচ্চ বিদ্যালয়ের ২০২৩ সালের ছাত্রদের নবীনবরণ অনুষ্ঠিত হয়েছে। বুধবার চুয়াডাঙ্গা ভিক্টোরিয়া জুবিলী সরকারি উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে এই নবীন বরণ অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা ভিক্টোরিয়া জুবিলী সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিলাল হোসেন এর সভাপতিত্বে উক্ত নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এ সময় তিনি বলেন, সুন্দর শিক্ষার পরিবেশ ও অভিজ্ঞ শিক্ষকবৃন্দ দ্বারা পরিচালিত ভিক্টোরিয়ান জুবিলী সরকারি উচ্চ বিদ্যালয়ের পাঠদান সামনের দিকে এগিয়ে যাচ্ছে। চুয়াডাঙ্গার প্রাণকেন্দ্রে অবস্থিত এ ভিক্টোরিয়া জুবিলী সরকারি উচ্চ বিদ্যালয় থেকে মাধ্যমিক পাশ করে ও অনান্য প্রতিষ্ঠান থেকে লেখাপড়া করে দেশে ও বিদেশে নিজ যোগ্যতায় বিভিন্ন প্রতিষ্ঠানে চাকরি পাচ্ছে এবং তারাই এ স্কুলের সুনাম পৃথিবীর নানা প্রান্তে ছড়িয়ে দিচ্ছে।

তিনি আরও বলেন, আমি আনন্দিত হয়েছি যে কোভিড-১৯ পরিস্থিতিতেও এ স্কুলের সকল শিক্ষকদের মাধ্যমে অত্যন্ত দক্ষতার সাথে তার শিক্ষা কার্যক্রম পরিচালনা করেছে। তিনি শিক্ষার্থীদের পাঠ্যপুস্তক ছাড়াও বিভিন্ন ধরণের বই পড়ার উপর গুরুত্বারোপ করেন।

নবীন বরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল মামুন, চুয়াডাঙ্গা অতিরিক্ত

পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, চুয়াডাঙ্গা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক দিল আরা চৌধুরী সহ বিভিন্ন পদমর্যাদার শিক্ষকমন্ডলী, অভিভাবক ও ছাত্রবৃন্দ।

দামুড়হুদায় ব্যাডমিন্টন টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত

দামুড়হুদায় ব্যাডমিন্টন টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। দামুড়হুদা ব্যাডমিন্টন ক্লাবের আয়োজনে শিল্পকলা চত্বরে গত মঙ্গলবার রাত ৮টায় খেলা শুরু হয় এবং আজ বুধবার ভোর সাড়ে ৪টায় খেলার পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয় ।

দামুড়হুদা ব্যাডমিন্টন ক্লাবের কোষাধক্ষ্য আব্দুল মোমিন এর সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা ব্যাডমিন্টন ক্লাবের উপদেষ্টা ও রাজশাহী বিভাগীয় কমিশনার কার্যালয়ের সিনিয়র সহকারী কমিশনার ভূমি নাজমুল আলম উদয়, সাংবাদিক হাবিবুর রহমান হাবিব, বিশিষ্ট সমাজসেবক খাজা মো: আরিফ উদ্দিন, সাফা এন্টারপ্রাইজ এর সত্বাধিকারী তাজ উদ্দিন, দামুড়হুদা স্পোর্টিং ক্লাবের সহ-সভাপতি ইমরোজ উদ্দিন খোকন, দামুড়হুদা ব্যাডমিন্টন ক্লাবের সভাপতি হায়দার আলী, সাধারণ সম্পাদক মাহফুজুর রহমান জনি, তরফদার মোস্তাক উদ্দিন, সাবেক মেম্বার আবুল হাসেম।

অনুষ্ঠানের সার্বিক সহযোগিতায় ছিলেন প্রবাসী আব্দুর রহমান জসিম, সুমন, মমিন, রাজ্জাক, সবুজ, সোহেল, অন্তর প্রমূখ। খেলায় যে দুটি দল অংশগ্রহণ করেন তারা হলেন, আরজু আহমেদ রাকিবের দামুড়হুদা হেসেল ঘর এন্ড রেস্টুরেন্ট এবং ঝিনাইদহ কালুহাটির সাহা ব্যাডমিন্টন ক্লাব। খেলায় সাহা ব্যাডমিন্টন ক্লাব চ্যাম্পিয়ন এবং হেসেল ঘর

এন্ড রেস্টুরেন্ট রানার আপ হয়।

উক্ত খেলায় রেফারি হিসেবে দায়িত্ব পালন করেন চুয়াডাঙ্গার রাসেল আহমেদ এবং দামুড়হুদার শওকত হোসেন। চ্যাম্পিয়ন দলকে ৩০ হাজার টাকা এবং রানার আপ দলকে ২০ হাজার টাকা পুরস্কার দেওয়া হয়।

বামুন্দিতে কেন্দ্র ঘোষীত পথযাত্রা সফল করতে ইউনিয়ন বিএনপির প্রস্তুতি সভা

১১ ফেব্রুয়ারি বিএনপির কেন্দ্র ঘোষিত ইউনিয়ন ইউনিয়ন পথযাত্রা সফল করতে বামুন্দি ইউনিয়ন বিএনপির প্রস্তুতি সভা অনুষ্ঠিত হযেছে।

আজ বুধবার বিকালে বামুন্দী মাদ্রাসা মাঠে বামুন্দি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আব্দুল আউয়ালের সভাপতিত্বে সভাটি অনুষ্ঠিত হয়।

প্রস্তুতি সভায় অন্যদের উপস্থিত ছিলেন বামন্দি ইউনিয়ন বিএনপির সেক্রেটারি নওশাদ আলী, গাংনী পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক মকবুল হোসেন মেঘলা, উপজেলা কৃষক দলের যুগ্ন আহবায়ক শাওন, যুবদলের আহ্বায়ক চপল, স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক বাচ্চু, স্বেচ্ছাসেবক দলের যুগ্ম সাধারণ সম্পাদক সম্রাট বিশ্বাস, রামনগর বিএনপির সভাপতি ওয়াজেদ আলী, বিএনপি নেতা কায়কোবাদ, বামুন্দি ইউনিয়ন যুবদলের সভাপতি মাহিদুল ইসলাম কালু, নীশিপুর ওয়ার্ডের মেম্বার শাহ আলম সহ প্রায় ১৫০ শতাধিক বিএন পি নেতা কর্মী উপস্থিত ছিলেন।

ইমো হ্যাকারের কবলে প্রবাসির ভাই সজিব, খোয়ালেন ১৬ হাজার টাকা

ইমো হ্যাকারের কবলে পড়ে ১৬ হাজার টাকা খোয়ালেন প্রবাসির ভাই সজিব। বুধবার দুপুরে এ ঘটনা ঘটেছে কোটচাঁদপুরের রুদ্রপুর গ্রামে।

প্রবাসির ভাই সজিব হোসেন বলেন,আমার ভাই রাজিব হোসেন মালেশিয়া প্রবাসি। সে প্রতি মাসেই টাকা পাঠান বাড়িতে। বুধবার দুপুরে হঠাৎ করে ইমো নাম্বারে কল আসে। এরপর বিপদের কথা বলে ১৬ হাজার টাকা চান। আমি তাৎক্ষণিক ভাবে পাশের বিকাশের মাধ্যমে টাকা পাঠি দিই। এরপর আবারও ১৪ হাজার টাকা চান। এ সময় আমি ভাই ম্যাসেনজারে কল করি। এরপর জানতে পারি হ্যাকারের পাল্লায় পড়েছি।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানায় অভিযোগ করেছেন প্রবাসির ভাই সজিব হোসেন ।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক (এসআই) জাহিদ হোসেন বলেন, সজিব হোসেন ওই সংক্রান্ত একটা অভিযোগ করেছেন।

কোটচাঁদপুরে উপজেলা ও পৌর বিএনপির প্রস্তুতি মূলক সভা অনুষ্ঠিত

কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে তেল,গ্যাস বিদ্যুৎ সহ দ্রব্য মূল্যের উর্ধগতি ও যুগপৎ আন্দোলনের কর্মসূচির অংশ হিসেবে আগামী ১১ ফেব্রুয়ারি ইউনিয়ন পথযাত্রা উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকালে কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপির উদ্যোগে মেইন বাসস্ট্যান্ড উপজেলা বিএনপি দলিও কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে ও জেলা বিএনপির শিশু বিষয়ক সম্পাদক ফারুকুল আলম শেখার সঞ্চালনায়।

প্রস্তুতি মূলক সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সহ-সভাপতি আবুবকর বিশ্বাস।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক পৌর মেয়র ও পৌর বিএনপির সভাপতি এস কে এম সালাউদ্দিন বুলবুল সিডল,উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক লিয়াকত আলী, জেলা বিএনপির যুগ্মসাধারণ সম্পাদক ফারুক হোসেন খোকন, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেম,উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক হারুন আর রশিদ, সাবেক উপজেলা বিএনপির সভাপতি নুরুজ্জামান, সাবেক সাধারন সম্পাদক ফারুক হোসেন, জেলা সহ-সাংগঠনিক সম্পাদক সাইদুর রহমান, পৌর বিএনপির সহ-সভাপতি শাহরিয়ার রহমান মামুন, সাফদারপুর ইউনিয়ন বিএনপির সভাপতি ফরিদ উদ্দিন, দোড়া ইউনিয়ন বিএনপির সভাপতি শরিফুল ইসলাম সান্টু,বলুহর ইউনিয়ন বিএনপির সভাপতি আশরাফ আলী, কুশনা ইউনিয়ন বিএনপির ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আক্তার হোসেন, এলাঙ্গী ইউনিয়ন বিএনপির সভাপতি ও সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান একরামুল হক প্রমুখ। এ সময় বক্তারা পথযাত্রা উপলক্ষে বিভিন্ন দিকনির্দেশনা মূলক বক্তব্য রাখেন।

সে সময় উপস্থিত ছিলেন উপজেলা ও পৌর বিএনপি, যুবদল, ছাত্র দল, সেচ্ছাসেবক দল, কৃষক দল, শ্রমিক দল সহ সকল অঙ্গ সংগঠনে নেতা কর্মী বৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে আরডিআরএস এর ৫১ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

আরডিআরএস বাংলাদেশ এর ৫১ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করেছে মেহেরপুর আরডিআরএস শাখা

বুধবার বিকেলে (৮ ফেব্রুয়ারি) মেহেরপুর কলেজ মোড়ে আরডিআরএস শাখায় কেক কেটে ৫১ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর আরডিআরএস এর এলাকা ব্যবস্থাপক বিকাশ চন্দ্র রায়, শাখা ব্যবস্থাপক শংকর কুমার সরকার, শাখা হিসাব রক্ষক রিনি সুলতানা, ক্ষুদ্র ঋণ সংগঠক লাভলী ইয়াসমিন, লীমা খাতুন ও শাওন ইসলাম প্রমুখ।

উল্লেখ্য, গত বছরের ৮ নভেম্বর ২০২২ সালে মেহেরপুর কলেজ মোড়ে আরডিআরএস ২৮৩ তম শাখার উদ্বোধন করা হয়।

সিরিয়া-তুরস্ক ভূমিকম্প: মৃতের সংখ্যা বেড়ে ৯৬০০

তুরস্ক ও সিরিয়ায় ভয়াবহ ভূমিকম্পের ঘটনায় নিহতের সংখ্যা বেড়ে ৯ হাজার ৬০০ জনে দাঁড়িয়েছে।

আজ বুধবার (৮ ফেব্রুয়ারি) কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল-জাজিরার এক লাইভ প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। এটি এক দশকেরও বেশি সময়ের মধ্যে সবচেয়ে মারাত্মক ভূমিকম্পের ঘটনা।

তুরস্কের দুর্যোগ ব্যবস্থাপনা এজেন্সি বলছে, দেশটিতে এখন পর্যন্ত ৭ হাজার ১০৮ জন নিহত হয়েছেন। আহত হয়েছেন অন্তত ৩৭ হাজার ১১জন। অন্যদিকে বিরোধী নিয়ন্ত্রিত উত্তর-পশ্চিম সিরিয়ায় কমপক্ষে ১ হাজার ২৮০ জন নিহত হয়েছে। এছাড়া সিরীয় সরকারের নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ জানিয়েছে, অন্তত ১ হাজার ২৫০ জন মারা গেছে। নিহতের সংখ্যা উল্লেখযোগ্যভাবে বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

গত সোমবার ভোর ৪টা ১৭ মিনিটে তুরস্ক ও সিরিয়া সীমান্তবর্তী অঞ্চলে আঘাত হানে শক্তিশালী ভূমিকম্প। রিখটার স্কেলে ভূমিকম্পটির মাত্রা ছিল ৭ দশমিক ৮। এর পর থেকে দফায় দফায় আরও কয়েকটি ভূমিকম্প হয়েছে। এতে দুই দেশে ধসে পড়েছে হাজার হাজার ভবন। হতাহতের সংখ্যা আরও অনেক বাড়বে বলে আশঙ্কা করা হচ্ছে।

এ ছাড়া বিশ্ব স্বাস্থ্য সংস্থা ডব্লিউএইচও অনুমান করছে, তুরস্ক এবং সিরিয়াজুড়ে আড়াই কোটিরও বেশি মানুষ এই ভূমিকম্পের শিকার হয়েছেন।

চুয়াডাঙ্গায় ছাত্রলীগের পক্ষ থেকে চুয়াডাঙ্গা সরকারি কলেজে দেয়াল ঘড়ি হস্তান্তর

চুয়াডাঙ্গা জেলার সবথেকে বড় শিক্ষা প্রতিষ্ঠান চুয়াডাঙ্গা সরকারি কলেজে চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের পক্ষ থেকে পরিক্ষার্থীদের সুবিধা প্রদানের জন্য জন্য দেয়াল ঘড়ি প্রদান করা হয়েছে।

আজ বুধবার বেলা সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক জানিফ এর দিকনির্দেশনায় এবং চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাবেক সদস্য ও চুয়াডাঙ্গা পৌর ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক গাজী ইমদাদুল হক সজল এর সৌজন্যে ১০ টি দেয়াল ঘড়ি চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ কে এম সাইফুর রশিদের কাছে হস্তান্তর করেন।

এ সময় গাজী ইমদাদুল হক সজল বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হাতে গড়া ঐতিহ্যবাহী সংগঠন বাংলাদেশ ছাত্রলীগ। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও বাংলাদেশ ছাত্রলীগের সভাপতি এবং সাধারণ সম্পাদকের বলিষ্ঠ নেতৃত্ব এগিয়ে চলেছে এই ঐতিহ্যবাহী ছাএ সংগঠন বাংলাদেশ ছাত্রলীগ। বাংলাদেশের জনগণের অধিকার আদায়ে বিভিন্ন গণতান্ত্রিক আন্দোলন ও সংগ্রামে বলিষ্ঠ নেতৃত্ব প্রদানসহ দিকনির্দেশনা দিয়ে আসছে ঐতিহ্যবাহী এই ছাত্রসংগঠনটি।

চুয়াডাঙ্গা সরকারি কলেজের যে সকল শিক্ষার্থী পরিক্ষা দিতে আসে তাদের কথা বিবেচনা করে আমাদের এই আয়োজন। পর্যায়ক্রমে চুয়াডাঙ্গা জেলার সকল শিক্ষাপ্রতিষ্ঠানে আমাদের এই দেয়াল ঘড়ি প্রদান কার্যক্রম অব্যাহত থাকবে বলে জানান তিনি।

এ সময় আরও উপস্থিত ছিলেন, আরফিন সজিব,ফারহান রাব্বি, পাপন হাসান সবুজ, লিখন আহম্মেদ, তাজিব আরাফাত, সাব্বির আহাম্মেদ,তৌকির, বাবু,মাহিম,আশিক,অনিক,প্রিন্স, শিমুল, রাশেদ সহ চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের নেতাকর্মী বৃন্দ।